

ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট – আইস (Immigration and Customs Enforcement-ICE) এজেন্ট বা সদস্যদের অভিযানে আপনার করণীয় কি ?

তারা আপনার বাসায় গেলে কি করবেন?

- ❖ বাসার দরজা খুলবেন না।
- ❖ মনে রাখবেন, আপনার চুপ থাকার অধিকার আছে।
- ❖ আপনি তাদের সাথে কথা যে বলতে চান না, সেটা তাদের জানাতে পারেন।
- ❖ তাদের সাথে কথা বললে আপনার দেয়া যে কোন তথ্য তারা আপনার বিরুদ্ধে ব্যবহার করতে পারে।
- ❖ তারা যদি আপনার পরিচিত অপরিচিত কাউকে খোঁজে, তাহলে তারা কোথায় থাকেন, সেটা বলতে আপনি বাধ্য নন।
- ❖ তারা যদি আপনাকে কোন তথ্য দিতে চায়, তাহলে বলবেন, সেটা তারা যেনো দরজার বাইরে রেখে যায়। যদি তারা সেটা করতে না চায়, তাহলে বলবেন দরজার নীচ দিয়ে যেনো দেয়া হয়।
- ❖ আইস এজেন্টদের কাছে যদি কোন ওয়ারেন্ট না থাকে, তাহলে তারা একজন প্রাণবয়স্কের অনুমতি ছাড়া কোন বাসায় ঢুকতে পারবে না (কিছু কিছু ক্ষেত্রে ব্যতিক্রম আছে)। তারা যদি জানায় যে, তাদের কাছে ওয়ারেন্ট আছে, তাহলে সেটি দরজার নীচে দিয়ে যেনো আপনাকে দেখার জন্য দেয়।
- ❖ ওয়ারেন্টে অবশ্যই একজন বিচারকের সই থাকতে হবে। নইলে, এটি আদালতের ওয়ারেন্ট নয়। আইস এজেন্টদের বানানো।
- ❖ আপনার অনুমতি ছাড়া যদি তারা আপনার বাসায় ঢুকে পড়ে, তাহলে তাদেরকে বারবার বলতে থাকুন, “আমি আপনাদের আমার ঘরে ঢোকার অনুমতি দেইনি। দয়া করে, বেরিয়ে যান”।
- ❖ যদি তারা তল্লাশি শুরু করে, আপনি বলতে থাকুন, “আমি কিন্তু আমার বাসায় তল্লাশি চালাতে আপনাদের কোন অনুমতি দেইনি”। তাদের কোনভাবে শরীর দিয়ে বাধা দিতে যাবেন না।
- ❖ তাদের সাথে কথা বলতে আপনি তাদের ভাষা ব্যবহার করতে বাধ্য নন। নিজের ভাষায় কথা বলুন। প্রয়োজনে তারা দোভাষী (ইন্টারপ্রেটার) আনবেন।
- ❖ চুপ থাকা আপনার অধিকার। কিন্তু, পরিস্থিতির কারণে আপনি তাদের বলতে পারেন, আপনার একজন আইনজীবী দরকার। তিনিই দরকারী সব কথা বলবেন।
- ❖ কোন কাগজে সই করবেন না।
- ❖ আইস যদি আপনাকে গ্রেফতার করে, তাহলে আপনার শারীরিক কোন সমস্যা থাকলে তাদের জানান। বাসায় শিশু থাকলে, তাদের পরিচর্যায় আপনাকে প্রয়োজন হলে, তাদের জানান।

রাস্তা বা উন্মুক্তস্থানে আইসের মুখোমুখি হলে কি করবেন?

- ❖ আপনার চুপ থাকার অধিকার আছে।
- ❖ নিজের নামধাম না বলে তাদের বলুন, “আমি কি যেতে পারি?” যদি তারা “হ্যাঁ” বলেন, তাহলে আপনি কোন কথা না বলে হেঁটে চলে যেতে পারেন।
- ❖ যদি তারা “না” বলেন, আপনি তাদের বলতে পারেন, “আপনাদের কোন প্রশ্নের উত্তর না দেয়ার অধিকার আমার আছে”, অথবা বলতে পারেন, “আমি একজন আইনজীবীর মাধ্যমে কথা বলবো”, অথবা “আমার একজন আইনজীবী দরকার”।
- ❖ নিজের ভাষায় কথা বলার অধিকার আপনার আছে। কথা বলতে হলে, একজন দোভাষী (ইন্টারপ্রেটার) চাইতে পারেন।
- ❖ কোন কাগজে সই করবেন না।
- ❖ আপনাকে তল্লাশি করতে চাইলে, আপনি বলবেন “আমি আপনাকে/আপনাদের আমাকে তল্লাশি করার অনুমতি দিচ্ছি না”। যদি তারা আপনার কথা না শুনে আপনাকে তল্লাশি চালায়, বলতে থাকুন, “আমি কিন্তু আমাকে তল্লাশি করার অনুমতি কাউকে দেইনি”।
- ❖ আইস যদি আপনাকে গ্রেফতার করে, তাহলে আপনার শারীরিক কোন সমস্যা থাকলে তাদের জানান। বাসায় শিশু থাকলে, তাদের পরিচর্যায় আপনাকে প্রয়োজন হলে, তাদের জানান।

মনে রাখবেন,

আইস এজেন্টরা মাঝে মাঝে সাধারণ পুলিশের মতো আচরণ করবে। অথবা, সাদা পোশাকে থাকবে। কোন ঘটনা বা অপরাধ তদন্তে আপনার সহায়তা চায় বলে অজুহাত দেখাবে।

গ্রেফতার হয়ে গেলেও আইসকে নিজের পরিচয়পত্র, পাসপোর্টসহ পরিচয় নির্ণয়কারী কোন কাগজপত্র দেবেন না।

আদালতের ওয়ারেন্ট ছাড়া আইস কাউকে গ্রেফতার করতে পারবে না। কারোর বাসায় ঢুকতে পারবে না।



NEW YORK CITY COUNCIL MEMBER
BRAD LANDER

ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট – আইস (Immigration and Customs Enforcement-ICE) এজেন্ট বা সদস্যদের অভিযানে আপনার করণীয় কি ?

যুক্তরাষ্ট্র সরকার চাইলে যাদের এ দেশ থেকে
বিতাড়ন (ডিপোর্ট) করতে পারে

- ❖ এখানে আইনসম্মত-ইমিগ্রেশন-স্ট্যাটাস ছাড়া আছেন।
- ❖ এখানে আইনসম্মত স্ট্যাটাস (মানে যারা লিগ্যাল পারমানেন্ট রেসিডেন্টস, শরণার্থী অথবা যাদের ভিসা আছে) নিয়ে আছেন, কিন্তু ক্রিমিনাল রেকর্ড আছে।

ট্রাম্প প্রশাসনের ঘোষণা অনুযায়ী, প্রাথমিকভাবে
আইস তাদের টার্গেট করবে

- ❖ যাদের আগে কোন অপরাধ করার রেকর্ড আছে অথবা যাদের অপরাধ মামলা বিচারার্থীন আছে।
- ❖ যুক্তরাষ্ট্র থেকে বিতাড়িত হতে চূড়ান্ত আদেশ দেয়া হয়েছে যাদের।
- ❖ যারা জাল-জালিয়াতির অপরাধ করেছে কিংবা জাল আবেদন করেছে/সরকারি আবেদনে মিথ্যা তথ্য দিয়েছে।
- ❖ যাদেরকে সরকার জাতীয় নিরাপত্তার জন্য হুমকি মনে করে।

লিগ্যাল পারমানেন্ট রেসিডেন্ট (LPR) হলেও যদি কোনো অপরাধের জন্য
আপনার শাস্তি হয়েছে, আপনি আইসের টার্গেট হতে পারেন

- ❖ যদি অপরাধ, গ্রেফতার বা শাস্তির রায় অনেক বছর আগে হয়েছিল।
- ❖ জেলে কোনো সময় কাটানো হয়নি।
- ❖ অপরাধ অনেক ছোট বা সামান্য ছিল।
- ❖ আপনি অনেক দিন ধরে এখানে লিগ্যাল পারমানেন্ট রেসিডেন্ট (এল পি আর) হিসেবে আছেন, আর আপনার পরিবারের বাকি সবাই এদেশের নাগরিক।

প্রচারে

শাহানা হানিফ

ডিরেক্টর অব অর্গানাইজিং এন্ড কমিউনিটি এনগেজমেন্ট
নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার ব্র্যাড লেভারের অফিস
৪৫৬ ফিফথ এভিনিউ, তৃতীয় তলা (পার্ক স্লপ অফিস), ৪৮৬ ম্যাকডোনাল্ড এভিনিউ (কেনসিংটন অফিস)
ফোন: ৭১৮-৪৯৯-১০৯০ (অফিস), ৩৪৭-৪৮০-৪৭৯২ (মোবাইল)

তথ্য-উৎস:

DRUM- Desis Rising Up & Moving

ইমিগ্রেশন বিষয়ে যে কোন পরামর্শের জন্য যোগাযোগ: নাইম ইসলাম, ফোন ৩৪৭-৫৪৫-৭৮৮৮।

ActionNYC, Mayor's Office of Immigrant Affairs

বিনামূল্যে একান্তে, লিগ্যাল ও ইমিগ্রেশন বিষয়ে যে কোন আলাপের জন্য কল করুন ৮৮০-৩৫৪-০৩৬৫ অথবা ৩১১ নম্বরে এবং ActionNYC উল্লেখ করুন।

Council Member Brad Lander's office

আইনী যে কোন পরামর্শের জন্য একজন ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাত করতে কল করুন শাহানা হানিফকে ৩৪৭-৪৮০-৪৭৯২ নম্বরে।